গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয় : International Maritime Organization (IMO) এর মহাসচিব পদে নির্বাচন-২০২৩ উপলক্ষ্যে নির্বাচনপূর্ব প্রস্তুতি, প্রচার-প্রচারণার কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২১ জুন, ২০২৩ |
| সময় | : | বেলা ১.০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ |

**সভাকক্ষে উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।**

সভায় সরাসরি এবং ভার্চুয়ালি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নৌপরিবহন অধিদপ্তরের ইঞ্জিনিয়ার এন্ড শীপ সার্ভেয়ার জনাব মোঃ ওবায়েদ উল্লাহ ইবনে বশির IMO নির্বাচন বিষয়ে এ পর্যন্ত গৃহীত পদক্ষেপসমূহ সভায় পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

২.০ সভাপতি লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত সাঈদা মুনা তাসনিমকে IMO Secretary General Election-2023 এর সর্বশেষ প্রস্তুতি সম্পর্কে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। মান্যবর রাষ্ট্রদূত জানান, তারা নির্বাচনী প্রচার-প্রচারণার নিমিত্ত ভোটার রাষ্ট্রসমূহের মিশন প্রধানদের সম্মানে মধ্যাহ্নভোজ ও নৈশভোজের আয়োজন করেছেন। উক্ত আয়োজনে বিভিন্ন ভোটার রাষ্ট্রসমূহের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এ সময়ে বাংলাদেশের প্রার্থী ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদকে পরিচয় করিয়ে দেওয়া হয় এবং তার প্রার্থীতার যোগ্যতার বিষয়ে যৌক্তিকতা তুলে ধরা হয়। মান্যবর রাষ্ট্রদূত নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য বাজেটের বিষয়ে সভায় আলোচনা করলে সভাপতি জানান, দাপ্তরিক প্রক্রিয়া যথাসময়ে সম্পাদন করা হয়েছে।

৩.০ বাংলাদেশের প্রার্থী ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ নির্বাচনী সফরে লন্ডনের বাইরে থাকায় সভায় অংশগ্রহণ করতে পারেননি মর্মে মান্যবর রাষ্ট্রদূত সভাকে অবহিত করেন। তিনি আরও জানান, বাংলাদেশের প্রার্থী ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ ব্যক্তিগত ও আনুষ্ঠানিকভাবে নির্বাচনী সফর চালিয়ে যাচ্ছেন।

৪.০ সভাপতি সভায় হংকং কনভেনশন নিয়ে আলোচনা করেন। সভাপতি হংকং কনভেনশন বাংলাদেশ কর্তৃক অনুসমর্থনের বিষয়টি IMO'য় আনুষ্ঠানিকভাবে অবহিত করা সম্পর্কে জানতে চান। এ বিষয়ে মান্যবর রাষ্ট্রদূত জানান বাংলাদেশ কর্তৃক হংকং কনভেনশন অনুসমর্থনের বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানানো হয়েছে। তবে কনভেনশনের আর্টিক্যাল ১৬(৬) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় মহোদয় কর্তৃক স্বাক্ষরিত Instruement of accession এ উল্লেখ না থাকায় নোট ভার্বালের মাধ্যমে পরবর্তীতে বিষয়টি স্পষ্ট করা হয়েছে। হংকং কনভেনশনটি বাংলাদেশ কর্তৃক অনুসমর্থন হওয়ায় এ প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

৫.০ সভাপতি মহোদয়ের প্রশ্নের জবাবে মান্যবার রাষ্ট্রদূত সভায় জানান, নির্বাচনের ভূরাজনৈতিক প্রভাব সুস্পষ্টভাবে পরিলক্ষিত হচ্ছে। তিনি আরও বলেন, এবারের মত সর্বোচ্চ ০৭টি দেশ মহাসচিব পদে প্রার্থী দিয়েছে। সভাপতি বলেন,

(অঃ পৃঃ দ্রঃ)

বাংলাদেশের প্রার্থী যথেষ্ট যোগ্য। নির্বাচনটি ভূরাজনৈতিক বিষয় দ্বারা প্রভাবিত হলেও রাষ্ট্রীয় স্বার্থ বিবেচনায় সংশ্লিষ্ট সবাইকে আন্তরিকভাবে বাংলাদেশের প্রার্থীতার পক্ষে জোরালো প্রচারণা অব্যাহত রাখতে হবে।

৬.০ লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসে নিয়োজিত কাউন্সিলর (মেরিটাইম অ্যাফেয়ার্স) ক্যাপ্টেন কাজী এ.বি. এম শামীম সভায় জানান, IMO Secretary General Election ২০২৩ এ প্রথম রাউন্ডের নির্বাচনে ন্যূনতম ০৭টি ভোট পাওয়া আবশ্যক। সর্বশেষ তথ্য অনুযায়ী কোন ভোটার রাষ্ট্র ভোট প্রাপ্তির বিষয়ে লিখিত বা মৌখিক প্রতিশ্রুতি এ পর্যন্ত বাংলাদেশকে দেয়নি। তথাপি নির্বাচনে ভোট প্রাপ্তির বিষয়ে সম্ভাব্য সকল প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে।

৭.০ **সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :**

**৭.১ লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত IMO Secretary General Election-2023 উপলক্ষে নির্বাচনে জয় লাভের নিমিত্ত প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবেন।**

**৭.২ নির্বাচনের প্রার্থী ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ এর সাথে লন্ডনস্থ দূতাবাস কর্তৃপক্ষ এবং কাউন্সিলর (মেরিটাইম অ্যাফেয়ার্স) পরামর্শ করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন, সংশ্লিষ্ট অন্যান্যরা প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।**

**৭.৩ পবিত্র ঈদুল আযহা পরবর্তী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাপতিত্বে পুনরায় একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।**

**৭.৪ যে কোনো প্রতিবেদন প্রেরণের পূর্বে নির্বাচনী প্রার্থী ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ এর সাথে আলোচনা করে দূতাবাস প্রতিবেদন প্রেরণ করবে।**

**৭.৫ লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাস নির্বাচন সংক্রান্ত বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রদান করবে, নৌপরিবহন মন্ত্রণালয় সে প্রতিবেদন মোতাবেক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবে।**

**৭.৬ নির্বাচন উপলক্ষে নৌপরিবহন মন্ত্রণালয় সার্বিক সহযোগিতা প্রদান করবে।**

৮.০ অতঃপর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ১০-০৭-২০২৩
(মোঃ মোস্তফা কামাল)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

(অঃ পৃঃ দ্রঃ)

নং-১৮.০০.০০০০.০২৪.১৬.০০২.১৯- ৯৯৭

২৭ আষাঢ়, ১৪৩০
তারিখ:-------------------
১১ জুলাই, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। হাইকমিশনার, বাংলাদেশ দূতাবাস, লন্ডন, যুক্তরাজ্য।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। ক্যাপ্টেন গিয়াস উদ্দিন আহমেদ, সিএনএস (চ: দা:), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৫। ক্যাপ্টেন কাজী এ.বি. এম শামীম, কাউন্সিলর (মেরিটাইম অ্যাফেয়ার্স), বাংলাদেশ দূতাবাস, লন্ডন, যুক্তরাজ্য।
৬। ক্যাপ্টেন সাঈদ আহমেদ, সিএমই (চ: দা:), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। যুগ্মসচিব (জাহাজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১.০৭.২৩

সৈয়দ আলী আহসান
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd

International Maritime Organization (IMO এর মহাসচিব পদে নির্বাচন উপলক্ষ্যে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে ২১ জুন, বুধবার, বেলা ১.০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর:-

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবী ও দাপ্তরিক ঠিকানা | কর্মকর্তার মোবাইল নাম্বার ও ইমেইল ঠিকানা | কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|---|
| | শেখ শরীফ উদ্দিন, এনডিসি<br>অতিরিক্ত সচিব<br>নৌপম | ০১৭১২০৯৯০২০<br>roopkumar2001@gmail.com | 21/6/2023 |
| | সৈয়দ আলী আহসান<br>উপসচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয় | 01711431001 | 21.06.23 |
| | কমডোর এম মাকসুদ আলম, (ই),<br>DG - shipping | ০১৭১২০২০৯৬৭০ | |
| | জিয়াউদ্দীন আহমেদ<br>CNS<br>DOS | 01716-099003 | 21-6-23 |
| | ক্যাপ্টেন সাব্বির আহমেদ<br>[illegible]<br>নৌপম | 01711449545 | 21.06.2023 |
| | মো: ওবায়েদ উল্লাহ ইবনে বশির ESSE, DOS | 01713000925 | 21/06/2023 |
| | | | |
| | | | |
| | | | |